গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৫২২ তারিখঃ ০৬/০৪/২০১৮খ্রিঃ
সময়ঃ বিকাল ৫.০০টা

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত বিশেষ প্রতিবেদন।**

সমূদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ রাত ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমুহের জন্য আবহাওয়ার পুর্বাভাস: ফরিদপুর, পাবনা, ঢাকা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমুহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমুহকে ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে। এছাড়া দেশের অন্যত্র পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমুহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।
পুর্বাভাসঃ রাজশাহী ও খুলনা বিভাগের অনেক জায়গায়, রংপুর, ঢাকা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় এবং ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় (১-৩) ডিগ্রী সে. এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস) নিম্নরুপ:**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.১ | ৩২.৫ | ৩৪.২ | ৩৩.৮ | ৩৫.০ | ৩২.৬ | ৩৪.২ | ৩৩.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৯.৮ | ১৯.৬ | ২১.২ | ১৯.৬ | ১৯.২ | ১৮.৪ | ২০.২ | ২১.০ |

**আজ দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রাঃ সর্বোচ্চ তাপমাত্রা বগুড়া ৩৫.০° এবং সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৮.৪°সেঃ।

**অগ্নিকান্ড** (তথ্য-ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কন্ট্রোল রুম): আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায় নাই।

বজ্রপাত:

চাপাইনবাবগঞ্জ:- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা চাপাইনবাবগঞ্জ জানান , গতকাল বিকাল ৩.০০ টার সময় বজ্রপাতে আ: রহিম নামে একজন ব্যক্তি নিহত হন। তার বয়স ৫২ ,পিতা আ: কাইয়ূম, গ্রাম: বিবিচন, উপজেলা: গোমস্তাপুর, জেলা :চাপাইনবাবগঞ্জ। । দূর্যোগ ব্যবস্থাপনা ওত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলাপ্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির দাফনের জন্য মৃত ব্যক্তির পরিবারকে ১০,০০০/-টাকা সাহায্য প্রদান করা হয়েছে।

ময়মনসিংহ:- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ময়মনসিংহ জানান , গতকাল বিকাল ৫.৩০ টার সময় বজ্রপাতে ০২ জন ব্যক্তি নিহত হন। তাদের একজনের নাম, আফরোজা আক্তার, বয়স ১৪ ,পিতা মো: আজিমউদ্দিন, গ্রাম: মরিচারচর নামাপাড়া, উপজেলা: ইশ্বরগঞ্জ, জেলা : ময়মনসিংহ।অপরজনের নাম,আ: আজিজ, বয়স ৫০,পিতা মৃত ইছহাক আলী, গ্রাম:খাগডহর, উপজেলা : ময়মনসিংহ সদর,জেলা:ময়মনসিংহ। দূর্যোগব্যবস্থাপনা ওত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলাপ্রশাসন কর্তৃক মৃত ব্যক্তিদ্বয়ের দাফনের জন্য মৃত ব্যক্তির প্রতি পরিবারকে ২০ ,০০০/-টাকা করে মোট ৪০,০০০/- সাহায্য প্রদান করা হয়েছে।

ঝিনাইদহ:- জেলা প্রশাসক জানান , গতকাল বিকাল ৪.৩০ টার সময় বজ্রপাতে শাহজহান বিশ্বাস নামে একজন ব্যক্তি নিহত হন। তার বয়স ৬৫ ,পিতা মো: ফকিরচান বিশ্বাস, গ্রাম: গোপালপুর, উপজেলা: ঝিনাইদহসদর, জেলা : ঝিনাইদহ। দূর্যোগ ব্যবস্থাপনা ওত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলাপ্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির দাফনের জন্য মৃত ব্যক্তির পরিবারকে ১০,০০০/-টাকা সাহায্য প্রদান করা হয়েছে।

নেত্রকোনা:- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা নেত্রকোনা জানান , গতকাল বিকাল ৪.০০ টার সময় বজ্রপাতে হাবলুমিয়া নামে একজন ব্যক্তি নিহত হন। তার বয়স ৩৮ ,পিতা মো: চানফর, গ্রাম: তেতুলিয়া, উপজেলা: কেন্দুয়া, জেলা : নেত্রকোনা। দূর্যোগব্যবস্থাপনা ওত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলাপ্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির দাফনের জন্য মৃত ব্যক্তির পরিবারকে ২৫ ,০০০/-টাকা সাহায্য প্রদান করা হয়েছে।
কিশোরগঞ্জ :-জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা কিশোরগঞ্জ জানান , গতকাল বিকাল ৫.০০ টার সময় বজ্রপাতে দ্বীনইসলাম নামে একজন ব্যক্তি নিহত হন। তার বয়স ৩১ ,পিতা মো: হযরত আলী গ্রাম: কাটাখাল, উপজেলা: মিঠামঈন জেলা : কিশোরগঞ্জ ।মৃত ব্যক্তির দাফনের জন্য সাহায্য প্রক্রিয়াধীন রয়েছে।

স্বাক্ষরিত/০৬.০৪.২০১৮
(জি,এম আব্দুল কাদের)
যুগ্ম-সচিব (এনডিআরসিসি)
ফোন:৯৫৪৫১১৫

**সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/দুর্যোগ ব্যবস্থাপনা প্রশাসন/দুব্যঃ/ত্রাণ/ত্রাণ প্রশাসন/ দুব্যক-২/সমন্বয় ও সংসদ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, বা/এ,মহাখালী, ঢাকা।
০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। যুগ্ম সচিব (শরনার্থী সেল প্রধান /প্রশাঃ/ সেবা/দুব্যক-১/প্রশিক্ষণ/ আইন সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৩। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। উপ-সচিব (দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৬। প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার,প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও,ঢাকা।
১৭। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৯। মন্ত্রীর সহকারী একান্ত সচিব,দুর্যোগ ব্যবস্থাপনা ওত্রান মন্ত্রণালয়।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা আছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ, **যুগ্ন-সচিব(এনডিআরসিসি), ০১৫৩৬-২৩৯২৬০,** ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; **ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০**। EMAIL: ndrcc@modmr.gov.bd/ ndrcc.dmrd@gmail.com